

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৩

জুন ২৩, ২০১৯
তারিখঃ-----
আষাঢ় ০৯, ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

পাট খাতের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখঃ জুন ০৯, ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। পাট খাতে সহায়তা প্রদানের জন্য বিশেষ করে কৃষকদের নিকট থেকে পাট ক্রয়ের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০১৪ সালে ০৫ বছর পর্যন্ত নবায়ন/আবর্তনযোগ্য (Revolving) অনধিক ২০০ (দুইশত) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) গঠন করা হয় এবং সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে উক্ত স্কীম পরিচালনার নীতিমালা জারী করা হয়। এক্ষেত্রে, উক্ত পুনঃঅর্থায়ন স্কীমের (Refinance Scheme) পরিমাণ আরও ১০০ (একশত) কোটি টাকা বৃদ্ধি করে ৩০০ (তিনশত) কোটি টাকায় উন্নীত করার এবং তহবিলটির মেয়াদ পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এক্ষেত্রে ব্যাংকগুলো ব্যাংক হারে (Bank Rate) এ অর্থ পাবে এবং ব্যাংক সর্বোচ্চ ৮% (শতকরা আট ভাগ) সুদহারে প্রতি ষান্মাসিকে সুদাসলের একটি নির্দিষ্ট হারে পরিশোধ/সমন্বিত হওয়া সাপেক্ষে পাটকল/পাট রপ্তানিকারকদের ঋণ প্রদান করবে।

০৩। উল্লিখিত পরিবর্তনসমূহ ব্যতীত বিআরপিডি সার্কুলার নং- ১১/২০১৪ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(দেবশীষ চক্রবর্তী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৩৩৬